

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৯

পর্ব-৩: পাক-পবিত্রতা (১৯৯৮)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

আরবী

وَعَن أبي رَافع قَالَ: كَانَ رَسُولُ اللّهِ صلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا تَوَضّاً وُضُوءَ الصَّلَاةِ حَرَّكَ خَاتَمَهُ فِي أُصنبُعه. رَوَاهُمَا الدَّارَقُطْنِيّ. وروى ابْن مَاجَه الْأَخير

বাংলা

৪২৯-[৩৯] আবূ রাফি' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের উযূ (ওযু/ওজু/অজু) করার সময় নিজের আঙ্গুলে পরা আংটি নেড়ে-চেড়ে নিতেন।[1]

দারাকুত্বনী উপরের দু'টি হাদীসই বর্ণনা করেছেন এবং ইবনু মাজাহ শুধু দ্বিতীয় হাদীসটি বর্ণনা করেছেন।

ফুটনোট

[1] য'ঈফ : ইবনু মাজাহ্ ৪৪৯, য'ঈফুল জামি' ৪৩৬১। কারণ এর সানাদের রাবী মা'মার এবং তার পিতা উভয়ই দুর্বল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুল্লা 'আলী ক্বারী বলেছেন, গোসলকে আয়ত্বকরণ ফরয; অতঃপর সুন্নাত হচ্ছে আংটি নড়াচড়া করা যাতে আংটির নীচে পানি পৌঁছায় ।

এমনিভাবে আংটির সাথে সাদৃশ্য রেখে চুড়ি ও অলংকার নেড়ে চেড়ে পানি পৌঁছানো প্রয়োজন। এ দু'টোকে বর্ণনা করেছেন দারাকুত্বনী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=54988}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন